শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৫০.২০.৫০

তারিখ: ১৩ কার্তিক ১৪২৭
২৯ অক্টোবর ২০২০

বিষয়: **রিট পিটিশন নং-৭৭৬১/২০১৯ মামলায় রুল নিশির আলোকে Show Cause এর জবাবসহ মামলাটিতে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে সরকার পক্ষের জবাব (Affidavit in opposition) মহামান্য আদালতে দাখিল করে প্রয়োজনীয় আইনী ব্যবস্থাগ্রহণক্রমে টিএমইডিতে তথ্যপ্রেরণ।**

সূত্র: মহামান্য হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ১৯.০৮.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকেমহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: মমতেজ আলী, পিতা: মৃত জহির উদ্দীন মোল্লা, মাতা: মৃত কিহিমুন নেসা, গ্রাম: গহনগাছি কিছুনিপুকুর, গহনগাছি পোস্ট: কমলপুর-৫২০০, থানা: দিনাজপুর সদর, জেলা: দিনাজপুর কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৭৭৬১/২০১৯ মামলা দায়ের করা হয়েছে। মামলাটি বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড সংশ্লিষ্ট এবং মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত মামলার রুল নিশিতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর স্মারক নং-বামাশিবো/প্রশা/২৩১১৯১২১০৩০২/১৯৫৫৫-১৮০, তারিখ: ০৭.০৬.২০১৯ খ্রি:-কে চ্যালেঞ্জ করে মামলাটি দায়ের করা হয়েছে।

০২. উক্ত মামলার রুল নিশি জারীর আদেশখানা পর্যালোচনা করে দেখা যায় যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/২৩১১৯১২১০৩০২/১৯৫৫৫-১৮০, তারিখ: ০৭.০৬.২০১৯ খ্রি: মূলে দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলাধীন উত্তর সালান্দার কাচারী দাখিল মাদ্রাসা এর এ্যাডহক কমিটি মনোনয়ন দেয়া হয়। এতে সংক্ষুব্ধ হয়ে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক পত্রটিকে চ্যালেঞ্জ করে মামলাটি দায়ের করা হয়েছে।

০৩. মামলাটির রুল নিশিতে-

(ক) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/২৩১১৯১২১০৩০২/১৯৫৫৫-১৮০, তারিখ: ০৭.০৬.২০১৯ খ্রি: বিষয়ে *Show Cause* করা হয়েছে এবং ১৬ সেপ্টেম্বর,২০১৯ এর পূর্বে *Show Cause* এর জবাব দিতে বলা হয়েছে। *Show Cause* এর জবাব ইতোমধ্যে না দেয়া হলে জরুরীভিত্তিতে জবাব প্রস্তুতক্রমে মহামান্য আদালতে *Affidavit in opposition* দাখিল করা প্রয়োজন।

(খ) রুল নিশিতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/২৩১১৯১২১০৩০২/১৯৫৫৫-১৮০, তারিখ: ০৭.০৬.২০১৯ খ্রি:কে তর্কিত আখ্যায়িতকরে আবেদনকারী জনাব মো: মমতেজ আলী এর ০৭.০৫.২০১৯ খ্রি: তারিখের আবেদনখানা বিধিসম্মতভাবে নিষ্পত্তি করার নির্দেশ দেয়া হয়েছে। স্মারক নং-বামাশিবো/প্রশা/২৩১১৯১২১০৩০২/১৯৫৫৫-১৮০, তারিখ: ০৭.০৬.২০১৯ খ্রি: বিষয়ে কী কী কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার প্রমাণকসহ তথ্য প্রয়োজন।

(গ) : রুল নিশির আদেশ নিম্নরূপ:

"Pending hearing of the Rule, the Respondent No.2 is directed to dispose of the petitioner's application dated 07.05.2019 (Annexure-E) in accordance with law." উল্লেখ্য যে, ২ নং রেসপনডেন্ট চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড।

০৫. উল্লেখ্য যে, রুল নিশিটি অতিরিক্ত সচিব (অডিট ও আইন) এর দপ্তরে ২১.১০.২০২০ খ্রি: তারিখে গৃহীত হয়েছে।

০৬. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্টসহ মোট ১০ (দশ) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৭. উক্ত রীট পিটিশন মামলা বিষয়ে সরকার পক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত তথ্য (প্রমাণকসহ) আবশ্যক-

ক. বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে দাখিলকৃত ০৭.০৫.২০১৯ খ্রি: তারিখের আবেদনখানা নিষ্পত্তি করা হয়েছে কী না? হয়ে থাকলে তার প্রমাণক প্রয়োজন। না হয়ে থাকলে উক্ত আবেদন খানা নিষ্পত্তির ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা আছে কী না?

খ.উক্ত রিট মামলার জবাব (*Affidavit in opposition*) প্রস্তুতক্রমে মহামান্য আদালতে দাখিল হয়েছে কী-না? দাখিল হয়ে থাকলে তার প্রমাণক প্রয়োজন। না হয়ে থাকলে জরুরীভিত্তিতে*Affidavit in opposition* প্রস্তুতক্রমে দাখিল করা প্রয়োজন।

গ. উক্ত মামলায় শুনানী অন্তে কোন রায় প্রদান করা হয়েছে কী-না?

ঘ.উক্ত মামলার সর্বশেষ অবস্থা কী?

ঙ.উক্ত মামলা বিষয়ে টিএমইডি এর বর্তমানের করণীয় কী?

০৮. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-৭৭৬১/২০১৯ মামলায় রুল নিশির আলোকে আবেদন নিষ্পত্তি করে সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলক্রমে (পূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রমাণক এবং বিলম্বের কারণসহ মামলাটি বিষয়ে চাহিত তথ্য আগামী ১১.১১.২০২০ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৯-১০-২০২০
ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৫০.২০.৫০/১(৭)

তারিখ: ১৩ কার্তিক ১৪২৭
২৯ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) সিসটেম এ্যানলিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন)মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

২৯-১০-২০২০
ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)